



ন্যায়বিচারে আপস নয়, আত্মীয় হলেও ছাড় পাবেন না: হাসনাত



হাসনাত আব্দুল্লাহ। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক এবং কুমিল্লা-৪ আসনে ১১ দলীয় জোট সমর্থিত প্রার্থী হাসনাত আব্দুল্লাহ জানিয়েছেন, জনগণের অর্থ ও আস্থাকে ভিত্তি করে রাজনীতি করতে চান তিনি। কোনো ধরনের অনৈতিক সুবিধা, তদবির বা প্রভাব খাটানোর সুযোগ তিনি দেবেন না— নিজের আত্মীয়ের ক্ষেত্রেও না। বৃহস্পতিবার (৫ ফেব্রুয়ারি) দেবিদ্বার উপজেলার জাফরগঞ্জ ইউনিয়নের খয়রাবাদ হাইস্কুল মাঠে শাপলা কলি প্রতীকের নির্বাচনী জনসভায় বক্তব্য দিতে গিয়ে তিনি এ কথা বলেন। হাসনাত বলেন, মানুষ তাকে সমর্থন করছেন স্বচ্ছ ও জবাবদিহিমূলক রাজনৈতিক চর্চা গড়ে তোলার প্রত্যাশায়। কেউ যদি মনে করেন, নির্বাচনে অর্থ ব্যয় করে পরে বিশেষ সুবিধা আদায় করবেন, তবে সেটি ভুল ধারণা।

তিনি আরও বলেন, দীর্ঘদিন ধরে একটি সুবিধাভোগী গোষ্ঠী বিভিন্ন দলে ছড়িয়ে থেকে টেন্ডারবাজি ও চাঁদাবাজির মাধ্যমে প্রভাব বিস্তার করেছে। একই পরিবারের সদস্যরা ভিন্ন দলে অবস্থান নিয়ে ক্ষমতাসীনদের কাছ থেকে সুবিধা নিয়েছে। এ ধরনের রাজনৈতিক সংস্কৃতি আর চলতে দেওয়া হবে না বলেও হুঁশিয়ারি দেন তিনি।